



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

মঠবাড়িয়া শাখা, পিরোজপুর।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, মঠবাড়িয়া শাখা, পিরোজপুর-এর খেলাপী ঋণ গ্রহীতা মোসার আল মদিনা এন্টারপ্রাইজ এর প্রতিনিধিত্বে জনাব মোঃ সোহরাব হোসেন মাতুব্বর, বেসিক ব্যাংক লিমিটেড, মঠবাড়িয়া শাখা, হাতেম আলী প্লাজা, ৪০৭ কাপুরিয়া পট্টী সড়ক, পৌরসভা ওয়ার্ড নং-০৪, মঠবাড়িয়া, পিরোজপুর হতে ০১টি সিসি(হাঃ) ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা, বন্দকদাতা ও জিম্মাদার হিসাবে তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধকী দলিলমূলে বন্ধক রাখিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা বন্ধক দাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বিগত ৩০.০৯.২০২৫ ইং তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের পাওনা আরোপিত ও অনারোপিত সুদ সহ মোট টাকা- ৬০,০৭,৩২৮.১৭ (ষাট লক্ষ সাত হাজার তিনশত আটশ টাকা সতের পয়সা মাত্র) উল্লেখিত দায় আইনী খরচ ব্যতিত, ঋণ গ্রহীতা, বন্দকদাতা ও জিম্মাদার হিসাবে তাহাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উপরোল্লিখিত অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারার বিধান মতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগামী ৩০/১১/২০২৫ ইং তারিখে বেলা ৩.০০ ঘটিকা নিলামের দিন ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে বেসিক ব্যাংক লিমিটেড, মঠবাড়িয়া শাখা, পিরোজপুরে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা হইতেছে।

“শর্তাবলী”

- প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাস্তবে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে “বেসিক ব্যাংক লিমিটেড” এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
- নিলামে আগ্রহীরা ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।
- সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হবে।
- আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা কর হইবে।
- নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হবে।
- দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত প্রদান করা হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসীল বিবরণী

১) বন্ধকীকৃত ২১.৭৫ শতাংশ আবাসিক জমি ইহা মঠবাড়িয়া উপজেলার ভিতর আমড়াগাছিয়া এলাকায় অবস্থিত, আর, এস এবং এস, এ মোজাঃ আমড়াগাছিয়া, জেএল নং-৪৪, আরএস খতিয়ান নং-১৬৫৭ এবং ১৮৫৬, এস এ খতিয়ান নং-১৯৫০, সংশোধিত জমা খারিজ খতিয়ান নং-৩৪৩১, এস,এ. এবং আর এস দাগ.নং-৩৫২২। সাব রেজিস্টার অফিস-মঠবাড়িয়া, পিরোজপুর। মালিক-জনাব মোঃ সোহরাব হোসেন মাতুব্বর। বন্ধকীকৃত সম্পত্তির উত্তরে- আনোয়ার মুন্সি এর বাড়ি, দক্ষিণে- ১২ ফিট রাস্তা, পূর্বে- রাস্তা, পশ্চিমে- মাহাবুব মেম্বার।

প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান

মঠবাড়িয়া শাখা, পিরোজপুর। মোবাইল-০১৭১৩-৪৪৪২৩৬

প্রকাশ তারিখ ০৭/১১/২০২৫

১। দৈনিক সমকাল

২। দৈনিক পিরোজপুর কণ্ঠ